

সার্কুলার নং বিজিএমইএ/ ব্যাংকিং/২০২৬/ ২৫১

তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: বাংলাদেশ ব্যাংকের "বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম" এর সংশোধিত নীতিমালা প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি -১ সার্কুলার লেটার নং-৩২ তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে একটি নতুন সার্কুলার (বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩২) জারি করেছে। এর মাধ্যমে পূর্বে ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার "বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম"-এর নীতিমালায় কিছু গুরুত্বপূর্ণ সংশোধন এনে তা গ্রাহকবান্ধব করা হয়েছে।

সংশোধিত নীতিমালার মূল বিষয়গুলো নিচে সংক্ষেপে তুলে ধরা হলো:

সকল শিল্পের জন্য উন্মুক্ত: পূর্বে এই সুবিধাটি কেবল 'বৃহৎ শিল্প'র জন্য প্রযোজ্য ছিল। এখন 'বৃহৎ' শব্দটি বাদ দিয়ে শুধু 'শিল্প' শব্দটি যুক্ত করা হয়েছে। ফলে পোশাক খাতের সকল স্তরের শিল্প প্রতিষ্ঠান এই স্কিমের আওতায় ঋণের আবেদন করতে পারবেন।

গ্রাহক পর্যায়ে সুদের হার: এই স্কিমের আওতায় তৈরি পোশাক শিল্পের উদ্যোক্তা বা গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ সুদের হার হবে ৭%।

৬ মাসের গ্রেস পিরিয়ড (রেয়াতকাল): ঋণ সুবিধা পাওয়ার পর প্রথম ০৬ (ছয়) মাস কোনো সুদ পরিশোধ করতে হবে না। ঋণ বিতরণের ৬ মাস পর থেকে (প্রথম দুই ত্রৈমাসিকের বকেয়া সুদসহ) সুদ আদায় শুরু হবে।

আবেদনের সময়সীমা: তহবিলের প্রাপ্যতা থাকা সাপেক্ষে, এই স্কিমের মেয়াদকালীন অর্থাৎ ৩ (তিন) বছরের মধ্যে যেকোনো সময়ে প্রাক-অর্থায়ন সুবিধার জন্য আবেদন করা যাবে।

এমতাবস্থায়, বিজিএমইএ-র যেসকল সদস্য প্রতিষ্ঠান এই স্কিমের আওতায় সুবিধা নিতে আগ্রহী, তাদেরকে বিস্তারিত তথ্যের জন্য নিজ নিজ সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তি: বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩২

১৭ সেপ্টেম্বর ২০২৬

তারিখ: -----

০২ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

“বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম” গঠন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি-১ সার্কুলার নং-১৩, তারিখ ০৪ জুন ২০২৬ এবং বিআরপিডি-৩ সার্কুলার লেটার নং-০১, তারিখ ০৭ জুলাই ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে “বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম” (Closed Industry and Service Sector Facilitation Pre-finance Scheme) শিরোনামীয় ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার একটি স্কিম গঠনকরত এ সংক্রান্ত অনুসরণীয় নীতিমালা জারি করা হয়। এক্ষেপে, উক্ত স্কিমের কার্যকর বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) বিআরপিডি-১ সার্কুলার নং-১৩/২০২৬ ও বিআরপিডি-৩ সার্কুলার লেটার নং-০১/২০২৬ এর বিভিন্ন স্থানে উল্লেখিত ‘বৃহৎ শিল্প’ শব্দস্থ ‘শিল্প’ শব্দটি দ্বারা প্রতিস্থাপন করা হলো;

খ) বিআরপিডি-১ সার্কুলার নং-১৩/২০২৬ এর ১১, ১২(ক) এবং ১৪(ক) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“১১। ব্যাংক পর্যায়ে সুদ হার: ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত প্রাক-অর্থায়ন স্কিমের বিপরীতে ৪% হারে বাংলাদেশ ব্যাংক-কে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে প্রাক-অর্থায়ন গ্রহণের ছয় মাস পর হতে সুদ প্রদান (প্রথম দুটি ত্রৈমাসিকের বকেয়া সুদসহ) শুরু করতে হবে।”

“১২। গ্রাহক পর্যায়ে সুদ হার ও অন্যান্য চার্জস: (ক) স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে সুদ হার হবে সর্বোচ্চ ৭%। আলোচ্য প্যাকেজের আওতায় ০৬ মাস ফ্রিস পিরিয়ড প্রদানের লক্ষ্যে ঋণ বিতরণের ছয় মাস পর হতে সুদ আদায় (প্রথম দুটি ত্রৈমাসিকের বকেয়া সুদসহ) শুরু করতে হবে।”

“১৪। আদায় ও তদারকি: (ক) প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে ফ্রিস পিরিয়ড সমাপণান্তে ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে সুদ পরিশোধ করতে হবে;”

গ) এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং- ১০(গ) এর পর ১০(ঘ) অনুচ্ছেদ নিম্নরূপ সংযোজন করা হলো:

“১০। ঋণ সীমা ও মেয়াদ: (ঘ) আলোচ্য স্কিমের আওতায় তহবিলের প্রাপ্যতা থাকা সাপেক্ষে স্কিমের মেয়াদকালীন অর্থাৎ ৩ বছরের মধ্যে যেকোনো সময়ে প্রাক-অর্থায়নের সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করা যাবে।”

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২